

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯৮

কমলপুর, ২৫ মে, ২০২৪

কমলপুর মহকুমাভিত্তিক নজরুল জন্মজয়ন্তী

কমলপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং কমলপুর নগর পঞ্চায়েতের যৌথ উদ্যোগে আজ কমলপুর বালিগাঁও চৌমুহনিতে অনুষ্ঠিত হয় মহকুমাভিত্তিক নজরুল জন্মজয়ন্তী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহকুমার বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব অনিতা ভট্টাচার্য এবং মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক অনূত দাস। অতিথিগণ কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং নজরুলের জীবন ও সাহিত্য নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সংগীত ও নৃত্য পরিবেশন করেন।
